



শহিদ বুদ্ধিজীবী দিবস ২০২৩

কর্মসূচির বিস্তারিত বিবরণ:-

শহিদ বুদ্ধিজীবী দিবস ২০২৩ পালন উপলক্ষ্যে জেলা প্রশাসন ও বাংলাদেশ শিশু একাডেমি বাগেরহাট জেলা কার্যালয়ের উদ্যোগে ১৩ ও ১৪ ডিসেম্বর বিভিন্ন কর্মসূচির আয়োজন করা হয়। কর্মসূচির মধ্যে ছিল মুক্তিযুদ্ধের স্মৃতি বিজড়িত স্থান পরিদর্শন এবং মুক্তিযুদ্ধের ইতিহাস কথন। শহিদ বুদ্ধিজীবীদের স্মরণে বুদ্ধিজীবী স্মৃতিস্তম্ভে পুষ্পস্তবক অর্পণ, আলোচনা ও দোয়া মাহফিল।

১৩ ডিসেম্বর বিকাল ৩:০০ টায় মুক্তিযুদ্ধের স্মৃতি বিজড়িত স্থান পরিদর্শনের অংশ হিসেবে বাগেরহাট শহরের ডাকবাংলো ঘাট বধ্যস্থমিতে বাগেরহাট পৌরসভাধীন বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের প্রায় শতাধিক শিশুদের সঙ্গে নিয়ে মুক্তিযুদ্ধের ইতিহাস কথন অনুষ্ঠানের আয়োজন করা হয়। বীর মুক্তিযোদ্ধা আবুল হাকিম আগত শিশু কিশোরদেরকে এই স্থানে ১৯৭১ সালে ঘটে যাওয়া ঘটনার বর্ণনা দেন। বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান হতে আসা শিশুরা এসব ঘটনা অগ্রহ নিয়ে শোনে।

দিবসটি পালন উপলক্ষ্যে ১৪ ডিসেম্বর সকাল ৮:০০ টায় শিশুদের সাথে নিয়ে এই দিবসে পাকিস্তানী বাহিনীর হাতে নির্মমভাবে নিহত দেশের সূর্য সন্তানদের প্রতি পুষ্পার্ঘ্য অর্পনের মাধ্যমে বিনম্র শ্রদ্ধা জানানো হয়। এছাড়া ১৪ ডিসেম্বর বিকাল ৪:০০ টায় শিশু একাডেমি কার্যালয়ে শহিদ বুদ্ধিজীবীদের স্মরণে আলোচনা এবং তাদের আত্মার মাগফিরাত কামনায় মিলাদ মাহফিল ও দোয়া অনুষ্ঠানের আয়োজন করা হয়।

জেলা শিশু বিষয়ক কর্মকর্তা শেখ আসাদুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বীর মুক্তিযোদ্ধা আবুল হাকিম, কবি মানিক মাহমুদ, শেখ আজমল হোসেন সভাপতি, শেখ রাসেল স্মৃতিসংঘ বাগেরহাট। মিলাদ মাহফিল পরিচালনা করেন বাগেরহাট কামিল মাদ্রাসার উপাধ্যক্ষ জনাব মাওলানা আমজাদ হোসেন। অনুষ্ঠানে ১৫৫ জন শিশু অংশগ্রহণ করে।